

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
সিঙ্গিএ ভবন সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং- ০৭.০৩.০০০০.০১০.১১.১৭৩.০৫-৫৪৯

তারিখ : ১৪/০৯/২০১৭ খ্রিঃ

বরাবর,
প্রধান হিসাবরক্ষণ কর্মতর্কী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায়
নব নিয়োগপ্রাপ্ত মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) গণের ৩ (তিন) টি অগ্রিম
ইনক্রিমেন্ট প্রাপ্তি প্রসঙ্গে।

সূত্র : সিএও/স্বাস্থ্য/স্বাস্থ্য-৩/মতামত/১০৬/৫৬৯ তারিখঃ ০৮/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অর্থ বিভাগের ১৩/০২/২০১১ তারিখের ০৭.১৭২.০১৮.০০.০৩.২০১০-১৬ নং স্মারক
অনুযায়ী ১ম শ্রেণীর নন-ক্যাডার মেডিকেল অফিসার/সহকারী সার্জনদের চাকুরী বাংলাদেশ
সরকারী কর্ম কমিশন কর্তৃক বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নিয়মিত না করা পর্যন্ত তাঁদেরকে
প্রথম নিয়োগকালে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২ (ক) ও ১২(গ) মোতাবেক ২ (দুই)
টি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের সুযোগ নেই।

০৩। অপরদিকে অর্থ বিভাগের ২০/০২/২০১৬ তারিখের এসআরও নং ১০৪- আইন/২০১৬
তে সংশোধিত ১৫/১২/২০১৫ তারিখের চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর
অনুচ্ছেদ ১২(৫) (ক) অনুযায়ী আলোচ্য নন-ক্যাডার হিসাবে ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত
মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) গণের প্রথম নিয়োগকালে জাতীয় বেতন স্কেল,
২০১৫ এর ৯ম গ্রেডে একটি অতিরিক্ত অগ্রিম বেতন বৃদ্ধির সুবিধাসহ প্রারম্ভিক বেতন
(২২০০০+১১০০)= ২৩১০০/- টাকা নির্ধারণ করা যেতে পারে মর্মে এ কার্যালয়ের অভিমত
নির্দেশক্রমে জানানো হলো।

স্বাক্ষরিত

(মোঃ আব্দুর রহমান)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদাতি)

ফোনঃ ৯৫৫৬৫০১